



Zabarang Kalyan Samity

Our vision is for an educated society that is free from poverty, equal in justice, capable in activities, secure and empowered in every state of life

কমিউনিটি ভলান্টিয়ার নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ১৭/০২/২০২২ খ্রি.

জাবারাং কল্যাণ সমিতি একটি স্থানীয় ও শিশু বান্ধব উন্নয়ন সংস্থা। এই সংস্থা United Purpose-Bangladesh-এর কারিগরী সহায়তায় Penny Appeal-UK এর আর্থায়নে খাগড়াছড়ির পানছড়ি উপজেলায় Sofol (Success): Integrated Support for the Lifelong Success of Orphaned Children in Bangladesh নামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের জন্য পানছড়ি উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কমিউনিটি ভলান্টিয়ার পদে নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

১। পদের নাম: কমিউনিটি ভলান্টিয়ার

২। পদের সংখ্যা: ২৫জন

৩। যে সকল গ্রামের স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন: শাঙ্কুরায় পাড়া, দুর্গামনি পাড়া, হারুবিলা পাড়া, হাতিমারা, সীমানা পাড়া, উত্তর দুদুকছড়া, চিকনচান পাড়া, সুচন্দ্র পাড়া, রামতনু পাড়া, আমতলী হেডম্যান পাড়া, লোগাং শান্তিনগর, ব্রাহ্মণটিলা, লোগাং বাজার, ফাতেমা নগর, জীতেন্দ্র পাড়া, মনিপুর, নীলমনি হেডম্যান পাড়া, মোহাম্মদপুর, ইসলামপুর, মুসলিম পাড়া, দমদম পাড়া, আদি ত্রিপুরা পাড়া, অচাই মহাজন পাড়া, কামিনী মেসার পাড়া, অক্ষয় পাড়া, রাজাপানিছড়া, চন্দ্রনাথ পাড়া, দূরছড়ি পাড়া, অবনী পাড়া, গঙ্গারাম, নবীনচন্দ্র পাড়া, নালকাটা, কংচাইরী পাড়া, বাগান পাড়া, হেলাধুলা পাড়া, মরাটিলা, পদ্মিনী পাড়া, জিয়া নগর, মুসলিম নগর, রাংচাই কাবরী পাড়া।

৪। যোগ্যতা ও অভিজ্ঞতা: কমপক্ষে এইচ.এস.সি পাশ হতে হবে। তবে সংশ্লিষ্ট গ্রামে এইচ.এস.সি পাশ প্রার্থী পাওয়া না গেলে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। প্রার্থীও বয়স ১ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই ১৮ বছর + হতে হবে এবং তালিকাভুক্ত গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। কমিউনিটি মবিলাইজেশনে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে, স্বেচ্ছাসেবামূলক কাজ/সংগঠন করার পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগের ক্ষেত্রে নারী প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

৫। দায়িত্ব ও কর্তব্য: ভিলেজ রিসোর্স সেন্টার (ভিডিসি) পরিচালনা করা, কমিউনিটি মবিলাইজেশন এ সহযোগিতা করা, তথ্য-উপাত্ত সংগ্রহ করা, গ্রাম পর্যায়ে বিভিন্ন ইভেন্ট বাস্তবায়নে সহায়তা করা, কিশোরী ক্লাব এবং ডব্লিউবিসি সদস্যদের সাথে সমন্বয় সাধন করা, ভিলেজ ডেপেলপমেন্ট কমিটির পরামর্শে কাজ করা, প্রজেক্টের অন্যান্য কাজে সহযোগিতা ও অংশগ্রহণ করা।

উপরে উল্লেখিত পদে আগামী ২৮/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে বিস্তারিত জীবন বৃত্তান্ত, ২কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ইউনিয়ন পরিষদের জাতীয়তার সনদ, জন্মনিবন্ধন সনদ, NID কার্ডের ফটোকপিসহ একটি আবেদনপত্র জাবারাং কল্যাণ সমিতির উপজেলা অফিসে (চেসী ভবন- উপজেলা আনসার অফিসের নীচতলা, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা) অফিস চলাকালীন সময়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম, মোবাইল নাম্বার ও পাড়ার নাম উল্লেখ করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ. ডি.এ. প্রদান করা হবে না। কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে ধরে নেয়া হবে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

রিসোর্স কো-অর্ডিনেটর
জাবারাং কল্যাণ সমিতি
খাগড়াপুর, খাগড়াছড়ি।